2024

BENGALI

(Honours Core)

Paper : BEN–HC–6016

(সাহিত্যের সংজ্ঞা ও স্বরূপ)

Full Marks : 80

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) গ্রিক ভাষায় 'Epic'-এর প্রতিশব্দ কী, লেখো।

(খ) এপিক-এর প্রধান বিষয় কী?

(গ) ইউরোপে কোন্ ধরনের ব্যালাড মহাকাব্যের আকার লাভ করেছিল?

(ঘ) 'Ballad'-এর লাতিন কথাটি কী?

(ঙ) 'Neo-Ballad'-এর একজন রচয়িতার নাম লেখো।

(চ) সংস্কৃত ভাষায় 'গাথা' বলতে কী বোঝাত?

(ছ) যে সকল নাটক অভিনয় করা যায় না তাদের কী নামে অভিহিত করা হয়ে থাকে?

(জ) "নাটকের জন্য প্রয়োজন চিত্রপট নয়, চাই চিত্তপট।" কথাটি কে বলেছিলেন?

(ঝ) 'দশকুমারচরিত' কার লেখা?

(ঞ) ভারতবর্ষে প্রথম প্রথাসিদ্ধ ছোটগল্পের লেখক কে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) মহাকাব্যের দুটি উপাদানের উল্লেখ করো।

(খ) পাশ্চাত্যের দুটি literary epic-এর নাম লেখো।

(গ) ব্যালাড-এর দুটি প্রধান বৈশিষ্ট্য লেখো।

(ঘ) রবীন্দ্রনাথের দুটি ছোটগল্পের নাম লেখো।

(ঙ) গ্রিক নাটকের দুটি প্রকারভেদ উল্লেখ করো।

৩। নীচের যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'সারস্বত' মহাকাব্য সম্পর্কে যা জান লেখো।

(খ) মহাকাব্যের সংজ্ঞা নির্দেশ করো।

(গ) ব্যালাড সম্পর্কে যা জান সংক্ষেপে লেখো।

(ঘ) গ্রিক নাটকের 'ত্রয়ী ঐক্য' সম্বন্ধে কী জান, লেখো।

(ঙ) ট্র্যাজেডি নাটক সম্পর্কে একটি সংক্ষিপ্ত টীকা প্রস্তুত করো।

(চ) ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি লেখো।

(Continued)

৪। নীচের যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

(ক) মহাকাব্য কত প্রকার ও কী কী? মহাকাব্যের লক্ষণসমূহ আলোচনা করো। ২+৮=১০

(খ) ভারতীয় মহাকাব্য সম্পর্কে যা জান লেখো। ১০

(গ) বাংলা ভাষায় ব্যালাডকে কী নামে চিহ্নিত করা হয়? Neo-Ballad-এর বৈশিষ্ট্যগুলি লেখো। ১+৯=১০

(ঘ) গীতিকবিতার উৎপত্তি ও লক্ষণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৪+৬=১০

(ঙ) নাটকের উৎপত্তি কীভাবে হয়েছিল তার বিবরণ দাও ও নাটকের বিশিষ্ট লক্ষণগুলি সম্পর্কে আলোচনা করো। ৫+৫=১০

(চ) Fiction ও Novel-এর মধ্যে তফাত কী? প্রসঙ্গত উপন্যাসের লক্ষণগুলি আলোচনা করো। ৩+৭=১০

(ছ) সংক্ষেপে ছোটগল্পের উৎপত্তির ইতিহাস বর্ণনা করো। ১০

(জ) গীতিকবিতার প্রকারভেদ উল্লেখ করে তাদের বিশেষ বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ১০

★★★